# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.btc.gov.bd

নং-২৬.০১.০০০০.০১২.১১.০০১.২১-১৫৭ তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৭ (০২ মার্চ ২০২১)

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনে নিম্নোক্ত পদে সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও জাতীয় বেতন স্কেল/২০১৫ | বয়স | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | গবেষণা অফিসার<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০২<br>(দুই)<br>টি | ক) মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় যে কোন একটিতে প্রথম বিভাগ; এবং<br>(খ) সামাজিক বিজ্ঞান (Social Science), পরিসংখ্যান, হিসাব বিজ্ঞান, প্রাকৃতিক বিজ্ঞান বা ব্যবসায় প্রশাসনে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী; অথবা প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>(গ) শিল্প বা অর্থনীতি সংক্রান্ত গবেষণা কাজে অন্ততঃ এক বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন।<br>(ঘ) বিদেশে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রী থাকলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এর শিক্ষার মান ও অভিজ্ঞতার সীমা শিথিলযোগ্য। |
| ২. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩) | ১৮-৩০ বৎসর | ০২<br>(দুই)<br>টি | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(খ) প্রতি মিনিটে বাংলা শর্টহ্যান্ডে ৭০ এবং ইংরেজি শর্টহ্যান্ডে ১০০ শব্দের গতি;<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি টাইপিং ইত্যাদির ক্ষেত্রে নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকতে হবে:<br>(১) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; এবং<br>(২) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ৩. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড-১৪) | ১৮-৩০ বৎসর | ০১<br>(এক)<br>টি | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(খ) প্রতি মিনিটে বাংলা শর্টহ্যান্ডে ৬০ এবং ইংরেজি শর্টহ্যান্ডে ৮০ শব্দের গতি;<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি টাইপিং ইত্যাদির ক্ষেত্রে নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকতে হবে:<br>(১) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; এবং<br>(২) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |

শর্তাবলী:

১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি/চাকরির নির্ধারিত আবেদন 'ফরম' বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের www.btc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে;

৪। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না;

৬। এস.এস.সি ও সমমান, এইচ.এস.সি ও সমমান এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ তথা প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণির সমতাকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

৭। আবেদনের সাথে অবশ্যই (ক) প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি রঙ্গিণ ছবি ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং (খ) সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এর অনুকূলে গবেষণা অফিসার পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা এবং সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের জন্য ১০০/-(একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নহে) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

৮। গবেষণা অফিসার পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় এবং সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র এবং কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

৯। সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদের জন্য বগুড়া, যশোর, ফেনী, বরিশাল, জামালপুর, কুমিল্লা ও কিশোরগঞ্জ এবং সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের জন্য শরীয়তপুর ও সাতক্ষীরা জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। আবেদনপত্র সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর আগামী ৩১ মার্চ ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১১। মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১২। আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ডাক-ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০(দশ) টাকা মূল্য মানের ডাকটিকেটসহ ৯.৫x৪.৫ ইঞ্চি বিশিষ্ট ফেরত খাম প্রেরণ করতে হবে।

১৩। আবেদনকারীর বয়সসীমা ০৪ মার্চ ২০২১ তারিখে গবেষণা অফিসার পদে অনূর্ধ্ব ৩২ বৎসর এবং অন্যান্য পদে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্য এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১৪। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ বা দৈনিক ভাতা (টি.এ/ডি.এ) প্রদান করা হবে না।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধিবিধান প্রয়োজ্য হবে।

স্বাক্ষরিত/-
(গোকুল কৃষ্ণ ঘোষ)
যুগ্মপ্রধান (যুগ্মসচিব)
ও
সচিব (অতিঃ দায়িত্ব)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

GD-3964 (15x3)